

# উপজেলা নির্বাচন অফিসারের কার্যালয়

সাভার, ঢাকা।

## -: নোটিশ :-

১। উপজেলা নির্বাচন অফিসারের কার্যালয়, সাভার, ঢাকা হতে প্রতি রবিবার, মঙ্গলবার ও বৃহস্পতিবার স্মার্ট কার্ড বিতরণের জন্য ভোটারের আইরিশ ও ফিংগার গ্রহণ করা হয় এবং স্মার্ট কার্ড বিতরণ করা হয়। আইরিশ ও ফিংগার গ্রহণ সময় সকাল ১০.০০ ঘটিকা হতে দুপুর ১.০০ ঘটিকা পর্যন্ত।

২। নতুন ভোটার অন্তর্ভুক্তির জন্য <http://services.nidw.gov.bd> এই ওয়েব এড্রেসে প্রবেশ করে আবেদন করতে পারবেন। যারা নতুন ভোটার অন্তর্ভুক্তির জন্য অনলাইনে আবেদন করেছেন। তাদের মোবাইলে এসএমএস এর মাধ্যমে ভোটার অন্তর্ভুক্তির শুনানীর তারিখ জানিয়ে দেয়া হয় এবং শুনানী কার্যক্রম শেষে ছবি ও আংগুলের ছাপ গ্রহণের ব্যবস্থা করা হয়। অনলাইনে আবেদন করার পূর্বে নিম্নবর্ণিত কাগজপত্র হাতের কাছে রাখুন :

ক. অনলাইন জন্মনিবন্ধন সনদ;

খ. শিক্ষাগত যোগ্যতার সনদ;

গ. অনলাইন নাগরিকত্ব সনদ;

ঘ. বাবা, মা, স্বামী/ স্ত্রীর এনআইডি কপি।

৩। ভোটার স্থানান্তরের আবেদন প্রতি রবিবার ও মঙ্গলবার জমা নেওয়া হয়। আবেদন জমা দেওয়ার সময় অবশ্যই আবেদনকারীকে উপস্থিত থাকতে হয় এবং ঐ দিনই দ্রুততম সময়ের মধ্যে আবেদনের উপর শুনানী গ্রহণ করা হয়।

৪। জাতীয় পরিচয়পত্র সংশোধন এর জন্য <http://services.nidw.gov.bd> এই ওয়েব এড্রেসে প্রবেশ করে সংশোধনের আবেদন করা যায়।